

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৪৬

করবুক, ৯ মে, ২০২৪

করবুক মহকুমায় রবীন্দ্র জনাজয়ষ্ঠী

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের সহযোগিতায় গতকাল করবুক মহকুমায় রবীন্দ্র জনাজয়ষ্ঠী উদযাপিত হয়েছে। করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের অভিটোরিয়ামে এ উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন করবুক মহকুমার মহকুমা শাসক পার্থ দাস। রবীন্দ্র জনাজয়ষ্ঠী অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি বলেন, ত্রিপুরার মহারাজাদের সাথে রবীন্দ্রনাথ ঠাকুরের সুসম্পর্ক ছিল। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিদ্যালয়ের শিক্ষক হারাধন নমঃ। উপস্থিত ছিলেন মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডা. ধনমণি ত্রিপুরা ও আশ্রম স্কুলের অধ্যক্ষ টেরেসা দার্লং। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের ভাইস প্রিসিপাল কার্টিক দেববর্মা। স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সাংস্কৃতিক আধিকারিক অনুপম পাল। উদ্বোধনী অনুষ্ঠানের পর সাংস্কৃতিক মঞ্চে করবুক মহকুমা ও দক্ষিণ ত্রিপুরা জেলার শিল্পীগণ রবীন্দ্র সংগীত ও রবীন্দ্র নৃত্য পরিবেশন করেন। তাছাড়াও অনুষ্ঠিত হয় বসে আঁকো প্রতিযোগিতা।

\*\*\*\*\*